# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৪৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪১. দ্বিতীয় অনুচ্ছেদ - সফরের সালাত

আরবী

وَعَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَزْوَةِ تَبُوكَ: إِذَا زَاغَتِ الشَّمْسُ قَبْلَ أَنْ يَرْتَحِلَ جَمَعَ بَيْنَ الظُّهْرِ وَالْعَصْرِ وَإِنِ ارْتَحَلَ قَبْلَ أَنْ تَزِيغَ الشَّمْسُ أَخَّرَ الظُّهْرَ حَتَّى يَنْزِلَ لِلْعَصْرِ وَفِي الْمَغْرِبِ مِثْلَ ذَلِكَ إِذَا غَابَتِ الشَّمْسُ قَبْلَ أَنْ يَرْتَحِلَ جَمَعَ بَيْنَ الْمَغْرِبِ وَالْعِشَاءِ وَإِنِ ارْتَحَلَ قَبْلَ أَنْ تَغِيبَ الشَّمْسُ أَخَّرَ الْمَغْرِبَ حَتَّى يَنْزِلَ لِلْعِشَاءِ ثُمَّ يَجْمَعُ بَيْنَهُمَا. رَوَاهُ أَبُو دَاوُد وَالتِّرْمِذِيّ

বাংলা

১৩৪৪-[১২] মু’আয ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাবূকের যুদ্ধ চলাকালে যুহরের সময় সূর্য ঢলে গেলে যুহর ও ’আসরের সালাত (সালাত/নামায/নামাজ) দেরী করতেন এবং ’আসরের সালাতের জন্য মঞ্জীলে নামতেন। অর্থাৎ যুহর ও ’আসরের সালাত একসাথে আদায় করতেন। মাগরিবের সালাতের সময়ও তিনি এরূপ করতেন। সূর্য তাঁর ফিরে আসার আগে ডুবে গেলে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মাগরিব ও ’ইশার সালাত একত্রে আদায় করতেন। আর সূর্য অস্ত যাবার আগে চলে এলে তিনি মাগরিবের সালাতে দেরী করতেন। ’ইশার সালাতের জন্য নামতেন, তখন দু’সালাতকে একত্রে আদায় করতেন। (আবূ দাঊদ, তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১২০৮, দারাকুত্বনী ১৪৬২, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৫২৭, আত্ তিরমিযী ৫৫৩, ইরওয়া ৫৭৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীস ইমাম শাফি‘ঈ ও অন্যান্যদের মতেরই দলীল, তাদের মত হলো মৌলিকভাবে সালাত পূর্ব

বা পরের ওয়াক্তের সাথে (পূর্বের সালাত পরের সালাতের সময়ে ও পরের সালাত পূর্বের সালাতের সময়ে) একত্রিত করে আদায় করা বৈধ। ইবনু হাজার আসক্বালানী (রহঃ) বলেন, নিশ্চয় হাদীসটি বিশুদ্ধ এবং এটি সমষ্টিগত হাদীসগুলোর একটি যা পূর্ণাঙ্গ একটি বক্তব্য এবং যা পূর্ব এবং পরের ওয়াক্তের সালাত এগিয়ে নিয়ে বা বিলম্ব করে দু’ সালাত (সালাত/নামায/নামাজ) একত্রিত করে আদায় করা বৈধতার ক্ষেত্রে কোন রকমের সংশয়ের সম্ভাবনা রাখে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55904

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন